Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

The New Age



Dhaka University vice-chancellor Professor Niaz Ahmed Khan presents a souvenir to the vice-chancellor of the Canadian University of Regina, Jeff Keshen, at the DU on Thursday. — Press release

VC of Regina Univ calls on DU VC

Staff Correspondent

THE president and vice-chancellor of the Canadian University of Regina, Jeff Keshen, called on Dhaka University vice-chancellor Professor Niaz Ahmed Khan on Thursday at the latter's office.

He was accompanied by associate vice-president Haroon Chaudhry and associate professor Muhammad Asadullah of the same university.

During the meeting, they discussed different issues including the possibilities of strengthening ongoing joint collaborative academic and research programmes between University of Dhaka and the University of Regina, Canada.

They also discussed undertaking more joint collaborative research programmes on international relations, political science, agriculture, business, engineering, physics, chemistry, social work, criminology and psychology between these two universities.

Exchange of academic materials and publications as well as faculty members, students and researchers between DU and Regina University were also discussed in the meeting.

It may be mentioned that a memorandum of understanding between the University of Dhaka and the University of Regina was signed in 2021 to undertake joint collaborative academic and research programs between the two universities.

Following the MoU, Dhaka University and the University of Regina have been jointly conducting academic and research programmes for five years last.

নয়া দিগন্ত



ঢাবি ভিসির সাথে কানাডার রেজিনা বিশ্ববিদ্যালয়ের ভিসি সৌজন্য সাক্ষাৎ করেন

ঢাবি ভিসির সাথে কানাডার রেজিনা বিশ্ববিদ্যালয়ের ভিসির সাক্ষাৎ

কানাডার রেজিনা বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট ও ভিসি ড. জেফ কেশেন গতকাল বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সাথে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এ সময় রেজিনা বিশ্ববিদ্যালয়ের ভাইস প্রেসিডেন্ট হারুন চৌধুরী এবং সহযোগী অধ্যাপক ড. মুহাম্মদ আসাদুল্লাহ তাঁর সাথে ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং কানাডার রেজিনা বিশ্ববিদ্যালয়ের মধ্যে চলমান যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম জোরদারসহ বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। এ সময় তাঁরা আন্তর্জাতিক সম্পর্ক, রাষ্ট্রবিজ্ঞান, কৃষি, ব্যবসা, প্রকৌশল, পদার্থবিদ্যা, রসায়ন, সমাজকর্ম, অপরাধবিজ্ঞান ও মনোবিজ্ঞান বিষয়ে আরো যৌথ সহযোগিতামূলক গবেষণা কার্যক্রম গ্রহণের সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন।

ঢাকা ■ ৪র্থ পৃ: ৫-এর কলামে

ঢাবি ভিসির সাথে কানাডার

৩য় পৃষ্ঠার পর

বিশ্ববিদ্যালয় এবং রেজিনা বিশ্ববিদ্যালয়ের মধ্যে একাডেমিক উপকরণ, তথ্য-উপাত্ত, প্রকাশনা এবং শিক্ষক, শিক্ষার্থী ও গবেষক বিনিময় নিয়েও বৈঠকে আলোচনা করা হয়।

উল্লেখ্য, যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং কানাডার রেজিনা বিশ্ববিদ্যালয়ের মধ্যে ২০২৩ সালে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এই সমঝোতা স্মারক অনুযায়ী, দুই বিশ্ববিদ্যালয় গত কয়েক বছর ধরে যৌথভাবে শিক্ষা ও গবেষণা কার্যক্রম পরিচালনা করে আসছে। বিজ্ঞপ্তি।

বিএসএস নিউজ

ঢাবিতে প্রথমবারের মতো শিক্ষার্থী গবেষণা সম্মেলন অনুষ্ঠিত

২৯ জানুয়ারি ২০২৬, ১৮:২৪ | বাসস



ছবি : বাসস

ঢাকা, ২৯ জানুয়ারি, ২০২৬ (বাসস) : ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) প্রথমবারের মতো শিক্ষার্থী গবেষণা সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেল (আইকিউএসি)-এর উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে দিনব্যাপী এ সম্মেলনের আয়োজন করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সম্মেলনের উদ্বোধনী পর্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গবেষণা সম্মেলন আয়োজনের জন্য সংশ্লিষ্টদের ধন্যবাদ জানিয়ে বলেন, শিক্ষার্থীদের গবেষণার আগ্রহকে আমি স্বাগত জানাই। প্রতিটি মানুষ তার কর্মের মধ্য দিয়েই টিকে থাকে। গবেষণার কাজটি অত্যন্ত কঠিন। তবে দীর্ঘমেয়াদি গবেষণায় নিজেকে সম্পৃক্ত করলে ভবিষ্যতে ব্যক্তিগতভাবে উপকৃত হওয়া সম্ভব। প্রতিষ্ঠান এবং সমাজও গবেষণার সুফল পায়।

গবেষণার ক্ষেত্র সম্প্রসারিত করার লক্ষ্যে তিনি দেশের ইন্ডাস্ট্রি-একাডেমিয়া সম্পর্ক আরও জোরদার করার ওপর গুরুত্বারোপ করেন।

সম্মেলনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শতাধিক শিক্ষার্থী অংশগ্রহণ করেন। এতে শিক্ষার্থীরা গবেষণা সংক্রান্ত পোস্টার তৈরি ও গবেষণার সার-সংক্ষেপ উপস্থাপন করেন।

আইকিউএসি'র পরিচালক অধ্যাপক ড. রেজাউল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য দেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ এবং বাংলাদেশ ইনস্টিটিউট অব ইসলামিক থট (বিআইআইটি)-এর ব্যবস্থাপনা পরিচালক ড. এম আবদুল আজিজ।

ইনকিলাব



ঢাকা বিশ্ববিদ্যালয় পদার্থ বিজ্ঞান বিভাগের নবীনবরণ ও বিদায় সংবর্ধনা গতকাল ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ। বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. মো. আমিনুল ইসলাম তালুকদারের সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি অধ্যাপক ড. আ ফ ম ইউসুফ হায়দার, অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. খোন্দকার সিদ্দিক-ই রব্বানী, অধ্যাপক ড. মো. কামরুল হাসান এবং বিভাগের ছাত্র উপদেষ্টা অধ্যাপক ড. জুলফিকার হাসান খান শুভেচ্ছা বক্তব্য দেন। –প্রেস বিজ্ঞপ্তি